গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

সচিব, বাণিজ্য মন্ত্রণালয়

এবং

মন্ত্রিপরিষদ সচিব-এর মধ্যে স্বাক্ষরিত

বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ১, ২০২৪ - জুন ৩০, ২০২৫

সূচিপত্র

মন্ত্রণালয়/বিভাগের কর্মসম্পাদনের সার্বিক চিত্র ৩

প্রস্তাবনা ৪

সেকশন ১: মন্ত্রণালয়/বিভাগের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি ৫

সেকশন ২: মন্ত্রণালয়/বিভাগের বিভিন্ন কার্যক্রমের ফলাফল/প্রভাব (Outcome/Impact) ৬

সেকশন ৩: কর্মসম্পাদন পরিকল্পনা ৭

সংযোজনী ১: শব্দসংক্ষেপ (Acronyms) ২০

সংযোজনী ২: কর্মসম্পাদন ব্যবস্থাপনা ও প্রমাণক ২১

সংযোজনী ৩: অন্য অফিসের সঙ্গে সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচকসমূহ ২৬

সংযোজনী ৪: যেসব নীতি/পরিকল্পনার আলোকে কর্মসম্পাদন পরিকল্পনা প্রস্তুত করা হয়েছে ২৮

সংযোজনী ৫-৯: সংস্কার ও সুশাসনমূলক কার্যক্রমের বাস্তবায়ন সংক্রান্ত কর্মপরিকল্পনাসমূহ ৩০

মন্ত্রণালয়/বিভাগের কর্মসম্পাদনের সার্বিক চিত্র
(Overview of the Performance of the Ministry/Division)

সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা

সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ:

২০২২-২৩ অর্থবছরে পণ্য ও সেবা রপ্তানি করে ৬৩.০৬ বিলিয়ন ডলার আয় হয়েছে, প্রবৃদ্ধির হার ৩.৪২%। পণ্য বহুমুখীকরণ ও রপ্তানি উৎসাহিতকরণের লক্ষ্যে হস্তশিল্প-কে 'বর্ষপণ্য-২০২৪' ঘোষণা করা হয়েছে। স্বল্পোন্নত দেশ থেকে উন্নয়নশীল দেশে উত্তরণের চ্যালেঞ্জ মোকাবেলায় বাংলাদেশ ও ওআইসি সদস্যভুক্ত দেশসমূহের মধ্যে অগ্রাধিকারভিত্তিক বাণিজ্য সম্প্রসারণের লক্ষ্যে Framework Agreement on Trade Preferential System among the Member States of the OIC (TPS-OIC) এবং D-8 ভুক্ত দেশসমূহের মধ্যে D-8 Preferential Trade Agreement (D-8 PTA) প্রণয়ন করা হয়েছে। ০৫ মার্চ ২০২৪ তারিখে ঢাকায় অনুষ্ঠিত Developing Eight (D-8) এর বাণিজ্য মন্ত্রীদের তৃতীয় সভায় সদস্য দেশসমূহের মধ্যে সম্পাদিত অগ্রাধিকারমূলক বাণিজ্য চুক্তির (D-8 PTA) কার্যকরভাবে বাস্তবায়ন এবং বিদ্যমান কনসেশনাল অফার তালিকা সম্প্রসারণের সিদ্ধান্ত গৃহীত হয়। স্মার্ট বাংলাদেশ টাস্কফোর্সের নির্বাহী কমিটির প্রথম সভার সিদ্ধান্ত অনুযায়ী ডিজিটাল বাণিজ্য কর্তৃপক্ষ গঠনের লক্ষ্যে ডিজিটাল বাণিজ্য কর্তৃপক্ষ আইন,২০২৩ প্রণয়নের কার্যক্রম চলমান। বাণিজ্য মন্ত্রণালয় কর্তৃক The Importers, Exporters and Indentors (Registration) Order, 1981 সংশোধনপূর্বক আমদানিকারক, রপ্তানিকারক এবং ইন্ডেন্টর (নিবন্ধন) আদেশ ২০২৩, "ন্যাশনাল ট্যারিফ পলিসি-২০২৩", বাণিজ্য সংগঠন (সংশোধন) আইন ২০২৩ এবং আঞ্চলিক বাণিজ্য চুক্তি নীতি-২০২২ প্রণয়ন করা হয়েছে। নিম্ন আয়ের ০১ (এক) কোটি পরিবারের মধ্যে ট্রেডিং কর্পোরেশন অব বাংলাদেশ (টিসিবি) পণ্যসামগ্রী ভর্তুকি মূল্যে বিক্রি করছে। মার্চ, ২০২৪ পর্যন্ত টিসিবি কর্তৃক মোট ৩২১২০৪৬ টি স্মার্ট ফ্যামিলি কার্ড উপকারভোগীদের বিতরণ করা হয়েছে। ২০২০-২০২১, ২০২১-২২ ও ২০২২-২৩ অর্থবছরে যথাক্রমে ১০টি, ২০ টি ও ২৫ টি আন্তর্জাতিক বাণিজ্য মেলায় ২৫.০০, ১৪৮.২০ ও ৩৪১ মিলিয়ন ডলার রপ্তানি আদেশ লাভ করেছে। স্বল্পোন্নত দেশগুলোর জন্য Trade Related Intellectual Property Rights এর আওতায় সকল ধরনের মেধাসত্ত্বের ক্ষেত্রে বাধ্যবাধকতা আরও ১৩ বছরের জন্য শিথিল করা হয়েছে, যা ১ জুলাই ২০৩৪ পর্যন্ত বলবৎ থাকবে। বাণিজ্য মন্ত্রণালয় ও ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর কর্তৃক জুলাই ২০২১ হতে মার্চ ২০২৪ পর্যন্ত ৩২৭৪১ টি বাজার মনিটরিং পরিচালনা করা হয়েছে এবং ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর ৭৬৮৯৯ টি অভিযোগ নিষ্পত্তির মাধ্যমে ১৫৪৯৯৪০০ টাকা জরিমানা আদায় করেছে। ০২ সেপ্টেম্বর ২০২৩ তারিখে পঞ্চগড়ে দেশের ৩য় চা নিলাম কেন্দ্র আনুষ্ঠানিকভাবে উদ্বোধন করা হয়।

সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ:

স্বল্পোন্নত দেশ হতে উন্নয়নশীল দেশে উত্তরণের চ্যালেঞ্জ মোকাবেলায় রপ্তানি বাজার সম্প্রসারণ, রপ্তানি পণ্য বহুমুখীকরণ, বৈশ্বিক বাণিজ্য ব্যবস্থার ভঙ্গুরতা, আমদানিকৃত পণ্যমূল্য বৃদ্ধি, নিত্যপ্রয়োজনীয় পণ্যের সরবরাহ নিশ্চিতকরণ, দ্রব্যমূল্য স্থিতিশীল রাখা এবং বিশ্বায়নের ফলে পরিবর্তিত বিশ্ব পরিস্থিতিতে খাপ খাওয়ানো।

ভবিষ্যৎ পরিকল্পনা:

স্বল্পোন্নত দেশ হতে উন্নয়নশীল দেশে উত্তরণের চ্যালেঞ্জ মোকাবেলায় রপ্তানি নীতি ২০২৪-২৭ প্রণয়ন ও আমদানি নীতি আদেশ ২০২১-২৪ বাস্তবায়নে ও শিল্পায়নের মাধ্যমে উচ্চ প্রবৃদ্ধি অর্জন ও কর্মসংস্থান সৃষ্টি করা হবে। দ্রব্যমূল্য স্থিতিশীল রাখার জন্য বাজার মনিটরিং করা হবে। টিসিবির মাধ্যমে পণ্য আমদানি করে স্বল্প আয়ের জনগনের মধ্যে হ্রাসকৃত মূল্যে সরবরাহ করা হবে। চা শিল্পের উন্নয়নের পথনকশা অনুযায়ী ২০২৫ সাল নাগাদ চায়ের উৎপাদনের লক্ষ্যমাত্রা ১৪০ মিলিয়ন কেজি নির্ধারণ করা হয়েছে।

২০২৪-২৫ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ:

- ১) আঞ্চলিক বাণিজ্য চুক্তি স্বাক্ষরের লক্ষ্যে ০২ টি সম্ভাব্যতা সমীক্ষা পরিচালনা করা ২) বিভিন্ন দেশ ও জোটের সাথে বাণিজ্য চুক্তি সম্পাদনের জন্য অগ্রাধিকার ভিত্তিক পদক্ষেপ গ্রহণ ৩) দ্রব্যমূল্য স্থিতিশীল রাখার নিমিত্ত ৪০০ টি বাজার মনিটরিং ৪) নিম্ন আয়ের ০১ কোটি পরিবারের নিকট ভর্তূকী মূল্যে নিত্য প্রয়োজনীয় পণ্য বিক্রয় নিশ্চিতকরণ ৫) জাতীয় লজিস্টিক পলিসি ২০২৪ এর বাণিজ্য মন্ত্রণালয় সম্পর্কিত বিষয়ে কর্মপরিকল্পনা প্রণয়ন ৬) ডিজিটাল কমার্স পলিসি ২০১৮ হালনাগাদকরণ

প্রস্তাবনা (Preamble)

মন্ত্রণালয়/বিভাগসমূহ এবং আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০৪১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের বাণিজ্য মন্ত্রণালয়-এর দায়িত্বে নিয়োজিত মাননীয় প্রতিমন্ত্রীর প্রতিনিধি হিসাবে সচিব, বাণিজ্য মন্ত্রণালয়

এবং

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিনিধি হিসাবে মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ-এর মধ্যে ২০২৪ সালের ..জুলাই.... মাসের ....১৫..... তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

সেকশন ১

মন্ত্রণালয়/বিভাগের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি

১.১ রূপকল্প (Vision)

বিশ্ব বাণিজ্যে উল্লেখযোগ্য প্রতিযোগিতামূলক অবস্থান সৃষ্টি

১.২ অভিলক্ষ্য (Mission)

ব্যবসা বান্ধব পরিবেশ সৃষ্টি, বাণিজ্য পদ্ধতির সহজীকরণ, রপ্তানি বৃদ্ধিতে সহায়তা প্রদান, রপ্তানি পণ্য ও বাজার বহুমুখীকরণ, বৈদেশিক বাণিজ্যে সক্ষমতা বৃদ্ধি, নিত্য প্রয়োজনীয় পণ্যের সরবরাহ নিশ্চিতকরণ এবং দ্রব্যমূল্য স্থিতিশীল রাখার মাধ্যমে জাতীয় উন্নয়নে ভূমিকা রাখা

১.৩ কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives)

১.৩.১ মন্ত্রণালয়/বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ

১. বাংলাদেশী পণ্যের নতুন বাজার সৃষ্টি
২. ব্যবসাবান্ধব পরিবেশ সৃষ্টি
৩. ভোক্তা সাধারণের অধিকার ও স্বার্থ সংরক্ষণ
৪. নিত্য প্রয়োজনীয় পণ্যের সরবরাহ এবং মূল্য স্থিতিশীল রাখা

১.৩.২ আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ

১. সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ

১.৪ কার্যাবলি (Functions)

১. অভ্যন্তরীণ ও বৈদেশিক বাণিজ্য এবং বিশ্ব বাণিজ্য সংস্থার সকল বিষয়াদি;
২. আমদানি নীতি আদেশ ও রপ্তানি নীতি প্রণয়ন ও বাস্তবায়ন;
৩. বাজার ব্যবস্থাপনা, নিত্য প্রয়োজনীয় পণ্যের বাজার মূল্য মনিটরিং এবং ভোক্তা অধিকার সংরক্ষণ;
৪. বহুপাক্ষিক, আঞ্চলিক এবং দ্বিপাক্ষিক ট্রেড নেগোসিয়েশন ও চুক্তির মাধ্যমে বৈদেশিক বাজারে বাংলাদেশি পণ্যের প্রবেশাধিকার সহজীকরণ;
৫. ট্যারিফ নীতিমালা প্রণয়ন এবং ট্যারিফ হার নির্ধারণে পরামর্শ প্রদান;
৬. বাণিজ্য সংগঠন ও প্রতিষ্ঠানের নিবন্ধন ও নিয়ন্ত্রণ;
৭. শিল্প/ব্যবসা প্রতিষ্ঠান, আমদানি ও রপ্তানি প্রতিষ্ঠানের নিবন্ধন ও নবায়ন; এবং
৮. চা চাষ, উৎপাদন, রপ্তানি এবং গবেষণার সকল বিষয়াদি।

সেকশন ২
বিভিন্ন কার্যক্রমের ফলাফল/প্রভাব (Outcome/Impact)

ফলাফল/প্রভাব	কর্মসম্পাদন সূচকসমূহ	একক	প্রকৃত অর্জন ২০২২-২৩	প্রকৃত অর্জন* ২০২৩-২৪	লক্ষ্যমাত্রা ২০২৪-২৫	প্রক্ষেপণ		নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহের নাম	উপাত্তসূত্র
						২০২৫-২০২৬	২০২৬-২০২৭		
রপ্তানি নীতি ২০২৪-২৭ মেয়াদের শেষ বছরে ১১০ বিলিয়ন ইউএস ডলারে উন্নীতকরণ	রপ্তানি সম্প্রসারণ	বিলিয়ন ডলার	৬০.৯৭	পন্য খাতে ৪৬.২৭ (জুলাই-মার্চ) এবং সেবা খাতে ৫.৫৫ (জুলাই-জানুয়ারি)	৮০	৯২.৫	১১০	পররাষ্ট্র, কৃষি, শিল্প এবং মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, জাতীয় রাজস্ব বোর্ড, রপ্তানি উন্নয়ন ব্যুরো, বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ, বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ	রপ্তানি নীতি ২০২৪-২৭, ৮ম পঞ্চবার্ষিক পরিকল্পনা
বহুপাক্ষিক ও আঞ্চলিক বাণিজ্যে বাংলাদেশের সুদৃঢ় অবস্থান	ট্রেড নেগোসিয়েশন সভা আয়োজন /অংশগ্রহণ, স্বাক্ষরিত চুক্তি/সমঝোতা স্মারক	সংখ্যা	১৭	৯ (জুলাই-মার্চ)	১১	১২	১৩	বাণিজ্য মন্ত্রণালয়, ট্রেড এন্ড ট্যারিফ কমিশন পররাষ্ট্র মন্ত্রণালয়, শিল্প মন্ত্রণালয়, জাতীয় রাজস্ব বোর্ড, কৃষি মন্ত্রণালয় ও শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়	রিজিওনাল ট্রেড এগ্রিমেন্ট পলিসি ২০২২, ৮ম পঞ্চবার্ষিক পরিকল্পনা ,মন্ত্রণালয়ের নিজস্ব নীতি এবং ট্যারিফ পলিসি ২০২৩
ভোক্তার স্বার্থ ও অধিকার নিশ্চিতকরণ	অভিযোগ নিষ্পত্তির হার	%	৬১.৩৪	৮৮.১৪ (জুলাই-মার্চ)	৭১	৭৫	৮০	বাণিজ্য মন্ত্রণালয়, জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর	ভোক্তা অধিকার সংরক্ষণ আইন-২০০৯, ৮ম পঞ্চবার্ষিক পরিকল্পনার সুশাসন প্রতিষ্ঠা
নিত্য প্রয়োজনীয় পণ্যের মূল্য স্থিতিশীলকরণ	পণ্যমূল্য স্থিতিশীল রাখার নিমিত্ত বাজার মনিটরিং	সংখ্যা	৭৩৭	৩০০ (জুলাই-মার্চ)	৩০০	৩৫০	৪০০	স্থানীয় প্রশাসন, জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, জননিরাপত্তা বিভাগ, সিটি কর্পোরেশন, কৃষি মন্ত্রণালয়, খাদ্য মন্ত্রণালয়, নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ	আইপিও ২০২১-২৪, এসেনসিয়াল কমোডিটিজ এ্যাক্ট- ১৯৫৬
নারীদের মধ্য থেকে সফল উদ্যোক্তা তৈরি	প্রশিক্ষণ	সংখ্যা	২২ ব্যাচ	১২ ব্যাচ (জুলাই-মার্চ)	৩০ ব্যাচ	২৫ ব্যাচ	২০ ব্যাচ	"বাংলাদেশ রিজিওনাল কানেক্টিভিটি প্রকল্প-১: বাণিজ্য মন্ত্রণালয় অঙ্গ" শীর্ষক প্রকল্প	এসডিজি, অভিষ্ট-৫ এবং ৮ম পঞ্চবার্ষিক পরিকল্পনা

*সাময়িক (provisional) তথ্য

সেকশন ৩
কর্মসম্পাদন পরিকল্পনা

কৌশলগত উদ্দেশ্য	কৌশলগত উদ্দেশ্যের মান	কার্যক্রম	কর্মসম্পাদন সূচক	গণনা পদ্ধতি	একক	কর্মসম্পাদন সূচকের মান	প্রকৃত অর্জন ২০২২-২৩	প্রকৃত অর্জন* ২০২৩-২৪	লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৪-২৫					প্রক্ষেপণ ২০২৫-২০২৬	প্রক্ষেপণ ২০২৬-২০২৭
									অসাধারণ	অতি উত্তম	উত্তম	চলতি মান	চলতি মানের নিম্নে		
									১০০%	৯০%	৮০%	৭০%	৬০%		
মন্ত্রণালয়/বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ															
[১] বাংলাদেশী পণ্যের নতুন বাজার সৃষ্টি	২৫	[১.১] আঞ্চলিক বাণিজ্য চুক্তি স্বাক্ষরের লক্ষ্যে সম্ভাব্যতা সমীক্ষা পরিচালনা করা	[১.১.১] পরিচালিত সম্ভাব্যতা সমীক্ষা প্রতিবেদন চূড়ান্তকরণ	সমষ্টি	সংখ্যা	২	৩	১ (মার্চ, ২০২৪ পর্যন্ত)	২	১				২	২
		[১.২] দ্বিপাক্ষিক বাণিজ্য সংক্রান্ত সভা আয়োজন/ অংশগ্রহণ (JTC, JTG, JWG etc)	[১.২.১] সভার রেকর্ড অব ডিসকাসন প্রস্তুতকৃত	সমষ্টি	সংখ্যা	২	২	৩ (মার্চ, ২০২৪ পর্যন্ত)	৪	৩	২			৪	৪
		[১.৩] দ্বিপাক্ষিক, আঞ্চলিক এবং বহুপাক্ষিক বাণিজ্য সংক্রান্ত নেগোসিয়েশনে অংশগ্রহণ/ আয়োজন (CSLM, TNC, JSG, JWG etc)	[১.৩.১] নেগোসিয়েশনের রিপোর্ট	সমষ্টি	সংখ্যা	২	১০	৫ (মার্চ, ২০২৪ পর্যন্ত)	৬	৫	৪			৭	৮
		[১.৪] জাতীয় স্বার্থ সংরক্ষণের লক্ষ্যে দ্বিপাক্ষিক, আঞ্চলিক ও বহুপাক্ষিক বাণিজ্য নেগোসিয়েশনে অংশগ্রহণের লক্ষ্যে অবস্থানপত্র/ কৌশলপত্র/ব্রীফ/রানিং নোট প্রস্তুত	[১.৪.১] প্রস্তুতকৃত কৌশলপত্র/ডিসিশন/আউটকাম ডকুমেন্টস	সমষ্টি	সংখ্যা	২	১১	৪ (মার্চ, ২০২৪ পর্যন্ত)	৮	৬	৪			৬	৬

কৌশলগত উদ্দেশ্য	কৌশলগত উদ্দেশ্যের মান	কার্যক্রম	কর্মসম্পাদন সূচক	গণনা পদ্ধতি	একক	কর্মসম্পাদন সূচকের মান	প্রকৃত অর্জন ২০২২-২৩	প্রকৃত অর্জন* ২০২৩-২৪	লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৪-২৫					প্রক্ষেপণ ২০২৫-২০২৬	প্রক্ষেপণ ২০২৬-২০২৭
									অসাধারণ	অতি উত্তম	উত্তম	চলতি মান	চলতি মানের নিম্নে		
									১০০%	৯০%	৮০%	৭০%	৬০%		
মন্ত্রণালয়/বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমুহ															
		[১.৫] দ্বিপাক্ষিক/ আঞ্চলিক বাণিজ্য সহযোগিতা সংক্রান্ত চুক্তি/সমঝোতা স্মারক স্বাক্ষর	[১.৫.১] স্বাক্ষরিত চুক্তি/সমঝোতা স্মারক	সমষ্টি	সংখ্যা	১	১	১ (মার্চ, ২০২৪ পর্যন্ত)	১					১	১
		[১.৬] ট্রেড নেগোশিয়েশন বৃদ্ধির লক্ষ্যে বাণিজ্য মন্ত্রণালয়সহ সংশ্লিষ্ট কর্মকর্তাদের নেগোসিয়েশন সংশ্লিষ্ট প্রশিক্ষণে প্রেরণ /আয়োজন	[১.৬.১] প্রশিক্ষিত কর্মকর্তা	সমষ্টি	সংখ্যা	১	৪	২০ (মার্চ, ২০২৪ পর্যন্ত)	২৫	২০	১৫			২৫	২৫
		[১.৭] বাংলাদেশের এলডিসি গ্রাজুয়েশনের প্রেক্ষাপটে আঞ্চলিক বাণিজ্য চুক্তি (আরটিএ) চুক্তির অভিঘাত/প্রভাব বিষয়ে সেমিনার আয়োজন	[১.৭.১] আয়োজিত সেমিনার	তারিখ	তারিখ	১		নতুন কার্যক্রম	১৫.০৫.২৫	৩১.০৫.২৫				১৫.০৫.২৬	১৫.০৫.২৭
		[১.৮] বর্ডার হাট পরিচালনা/কার্যকারিতা পরিদর্শনের সুপারিশ বাস্তবায়ন	[১.৮.১] পরিদর্শন প্রতিবেদনের ২০২৪-২৫ অর্থবছরের বাস্তবায়নযোগ্য সুপারিশের বাস্তবায়ন	ক্রমপুঞ্জিভূত	%	১		নতুন কার্যক্রম	১০০	৯০	৮০			১০০	১০০

কৌশলগত উদ্দেশ্য	কৌশলগত উদ্দেশ্যের মান	কার্যক্রম	কর্মসম্পাদন সূচক	গণনা পদ্ধতি	একক	কর্মসম্পাদন সূচকের মান	প্রকৃত অর্জন ২০২২-২৩	প্রকৃত অর্জন* ২০২৩-২৪	লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৪-২৫					প্রক্ষেপণ ২০২৫-২০২৬	প্রক্ষেপণ ২০২৬-২০২৭
									অসাধারণ	অতি উত্তম	উত্তম	চলতি মান	চলতি মানের নিম্নে		
									১০০%	৯০%	৮০%	৭০%	৬০%		
মন্ত্রণালয়/বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ															
		[১.৯] দ্বিপাক্ষিক, আঞ্চলিক ও বহুপাক্ষিক বাণিজ্য সংক্রান্ত নেগোসিয়েশনে অংশগ্রহনের লক্ষ্যে বাংলাদেশের অবস্থান নির্ধারন সংক্রান্ত স্টেক হোল্ডার কনসালটেশন পরিচালনা	[১.৯.১] বাংলাদেশ ট্রেড এন্ড ট্যারিফ কমিশন কর্তৃক আয়োজিত কনসালটেশন	সমষ্টি	সংখ্যা	২		৩ (মার্চ, ২০২৪ পর্যন্ত)	৫	৪	৩			৬	৭
		[১.১০] ডব্লিউটিও এর অনলাইন কোর্সসমূহ সম্পন্নকরণ	[১.১০.১] কোর্স সম্পন্নকৃত	সমষ্টি	সংখ্যা	২		নতুন কার্যক্রম	১০	৯	৮			১০	১০
		[১.১১] রপ্তানি বাণিজ্য বৃদ্ধির লক্ষ্যে কমার্শিয়াল কাউন্সেলর/প্রথম সচিব (বাণিজ্যিক) এর সাথে ভার্চুয়াল মতিবনিময় সভা	[১.১১.১] আয়োজিত সভা	সমষ্টি	সংখ্যা	১		২ (মার্চ, ২০২৪ পর্যন্ত)	৪	৩				৪	৪
		[১.১২] জাতীয় রপ্তানি ট্রফি ২০২২-২৩ চূড়ান্তকরণ	[১.১২.১] তালিকা চূড়ান্তকরণ	তারিখ	তারিখ	২			৩০.০৪.২৫	৩১.০৫.২৫	৩০.০৬.২৫				

কৌশলগত উদ্দেশ্য	কৌশলগত উদ্দেশ্যের মান	কার্যক্রম	কর্মসম্পাদন সূচক	গণনা পদ্ধতি	একক	কর্মসম্পাদন সূচকের মান	প্রকৃত অর্জন ২০২২-২৩	প্রকৃত অর্জন* ২০২৩-২৪	লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৪-২৫					প্রক্ষেপণ ২০২৫-২০২৬	প্রক্ষেপণ ২০২৬-২০২৭
									অসাধারণ	অতি উত্তম	উত্তম	চলতি মান	চলতি মানের নিম্নে		
									১০০%	৯০%	৮০%	৭০%	৬০%		
মন্ত্রণালয়/বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ															
		[১.১৩] বিদেশে ১টি বাণিজ্যিক উইং স্থাপন	[১.১৩.১] স্থাপিত মিশন	তারিখ	তারিখ	১		নতুন কার্যক্রম	৩০.১১.২৪	১৫.১২.২৪					
		[১.১৪] ডব্লিউটিও সংক্রান্ত বিভিন্ন ইস্যুতে বাংলাদেশের অবস্থানপত্র প্রস্তুত	[১.১৪.১] প্রেরিত অবস্থান পত্র	সমষ্টি	সংখ্যা	১	৬	৬ (মার্চ, ২০২৪ পর্যন্ত)	৬	৫				৬	৭
		[১.১৫] কর্মকর্তাদের সক্ষমতা বৃদ্ধির জন্য ডব্লিউটিও এগ্রিমেন্ট বিষয়ক প্রশিক্ষণ বা কর্মশালার আয়োজন	[১.১৫.১] অনুষ্ঠিত প্রশিক্ষণ/ কর্মশালা	সমষ্টি	সংখ্যা	১	৪	৩ (মার্চ, ২০২৪ পর্যন্ত)	৪	৩				৪	৪
		[১.১৬] FTA/EPA/RCP করার নিমিত্ত স্টাডিকরণ	[১.১৬.১] স্টাডিস	সমষ্টি	সংখ্যা	২		নতুন কার্যক্রম	৪	৩	২			২	০
		[১.১৭] GI পণ্যভিত্তিক ট্রেড বডির সাথে মতবিনিময় সভা আয়োজন	[১.১৭.১] মতবিনিময় সভা আয়োজিত	সমষ্টি	সংখ্যা	১		নতুন কার্যক্রম	২	১				২	২

কৌশলগত উদ্দেশ্য	কৌশলগত উদ্দেশ্যের মান	কার্যক্রম	কর্মসম্পাদন সূচক	গণনা পদ্ধতি	একক	কর্মসম্পাদন সূচকের মান	প্রকৃত অর্জন ২০২২-২৩	প্রকৃত অর্জন* ২০২৩-২৪	লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৪-২৫					প্রক্ষেপণ ২০২৫-২০২৬	প্রক্ষেপণ ২০২৬-২০২৭
									অসাধারণ	অতি উত্তম	উত্তম	চলতি মান	চলতি মানের নিম্নে		
									১০০%	৯০%	৮০%	৭০%	৬০%		
মন্ত্রণালয়/বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ															
[২] ব্যবসাবান্ধব পরিবেশ সৃষ্টি	২০	[২.১] রপ্তানি সংক্রান্ত পরিবীক্ষণ ও মূল্যায়ন কমিটির সভা আয়োজন	[২.১.১] সভা আয়োজিত	সমষ্টি	সংখ্যা	১		নতুন কার্যক্রম	২	১				২	২
		[২.২] বাংলাদেশের অভ্যন্তরে বিভিন্ন দেশীয় মেলা/ আন্তর্জাতিক মেলা আয়োজনের আবেদন নিষ্পত্তি	[২.২.১] মেলা আয়োজনের আবেদন নিষ্পত্তিকৃত	ক্রমপুঞ্জিভূত	%	১			১০০	৯০	৮০			১০০	১০০
		[২.৩] জাতীয় লজিস্টিক পলিসি ২০২৪ এর বাণিজ্য মন্ত্রণালয় সম্পর্কিত বিষয়ে কর্মপরিকল্পনা প্রণয়ন	[২.৩.১] কর্মপরিকল্পনা প্রণয়নকৃত	তারিখ	তারিখ	২			৩০.০৫.২৫	১৫.০৬.২৫					
		[২.৪] রপ্তানি বৃদ্ধির লক্ষ্যে বিদেশী বাণিজ্যিক ডেলিগেশনের বাংলাদেশে সফর আয়োজন	[২.৪.১] অনুষ্ঠিত সফর	সমষ্টি	সংখ্যা	১	৬	২ (মার্চ, ২০২৪ পর্যন্ত)	৩	২	১			৪	৫
		[২.৫] রপ্তানি বৃদ্ধিতে বিদেশে বাণিজ্যিক ডেলিগেশন প্রেরণ	[২.৫.১] ডেলিগেশন প্রেরিত	সমষ্টি	সংখ্যা	১	৪	২ (মার্চ, ২০২৪ পর্যন্ত)	৩	২	১			৪	৫
		[২.৬] নারী উদ্যোক্তাদের ম্যাচিং গ্রান্ট সাপোর্ট প্রদান	[২.৬.১] পাইলটিং প্রোগ্রাম	সমষ্টি	গ্রুপ	২			২০	১৮				২০	২০
		[২.৭] চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রিজ পরিচালনায় দক্ষতা বৃদ্ধি	[২.৭.১] অনুষ্ঠিত কর্মশালা	সমষ্টি	সংখ্যা	১	১	৪ (মার্চ, ২০২৪ পর্যন্ত)	৪	৩				৪	৪

কৌশলগত উদ্দেশ্য	কৌশলগত উদ্দেশ্যের মান	কার্যক্রম	কর্মসম্পাদন সূচক	গণনা পদ্ধতি	একক	কর্মসম্পাদন সূচকের মান	প্রকৃত অর্জন ২০২২-২৩	প্রকৃত অর্জন* ২০২৩-২৪	লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৪-২৫					প্রক্ষেপণ ২০২৫-২০২৬	প্রক্ষেপণ ২০২৬-২০২৭
									অসাধারণ	অতি উত্তম	উত্তম	চলতি মান	চলতি মানের নিম্নে		
									১০০%	৯০%	৮০%	৭০%	৬০%		
মন্ত্রণালয়/বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমুহ															
		[২.৮] বাণিজ্য সংগঠন আইন ২০২২ প্রতিপালনপূর্বক Smart Governance System of Trade Organizations রেসপনসিভ ওয়েভ পোর্টালের ব্যবহারে সংগঠনসমূহের সক্ষমতা অর্জন বিষয়ক প্রশিক্ষণ	[২.৮.১] অনুষ্ঠিত প্রশিক্ষণ	সমষ্টি	সংখ্যা	১		নতুন কার্যক্রম	৬	৪				৬	৬
		[২.৯] স্বল্পোন্নত দেশ হতে উত্তরণের চ্যালেঞ্জ মোকাবেলায় প্রস্তুতকৃত সময়াবদ্ধ কর্মপরিকল্পনা বাস্তবায়ন বিষয়ে সংশ্লিষ্ট অংশীজনের অংশগ্রহণে কর্মশালা আয়োজন করা	[২.৯.১] স্বল্পোন্নত দেশ হতে উত্তরণের চ্যালেঞ্জ মোকাবেলায় আয়োজিত কর্মশালা	সমষ্টি	সংখ্যা	১		৩ (মার্চ, ২০২৪ পর্যন্ত)	৫	৪				৫	৫
		[২.১০] আওতাধীন দপ্তর/সংস্থা ও মাঠ পর্যায়ের অফিসের কার্যক্রম পরিবীক্ষণের সুপারিশ বাস্তবায়ন	[২.১০.১] আওতাধীন দপ্তর/সংস্থা ও মাঠ পর্যায়ের অফিসেরকার্যক্রম পরিবীক্ষণের ২০২৪-২৫ অর্থবছরের বাস্তবায়নযোগ্য সুপারিশের বাস্তবায়ন	ক্রমপুঞ্জিভূত	%	১			১০০	৯০				১০০	১০০
		[২.১১] অভ্যন্তরীণ ও আন্তর্জাতিক বাণিজ্য সংশ্লিষ্ট লার্নিং সেশন আয়োজন	[২.১১.১] লার্নিং সেশন আয়োজিত	সমষ্টি	সংখ্যা	১	৮		৮	৬				৮	৮

কৌশলগত উদ্দেশ্য	কৌশলগত উদ্দেশ্যের মান	কার্যক্রম	কর্মসম্পাদন সূচক	গণনা পদ্ধতি	একক	কর্মসম্পাদন সূচকের মান	প্রকৃত অর্জন ২০২২-২৩	প্রকৃত অর্জন* ২০২৩-২৪	লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৪-২৫					প্রক্ষেপণ ২০২৫-২০২৬	প্রক্ষেপণ ২০২৬-২০২৭
									অসাধারণ	অতি উত্তম	উত্তম	চলতি মান	চলতি মানের নিম্নে		
									১০০%	৯০%	৮০%	৭০%	৬০%		
মন্ত্রণালয়/বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ															
		[২.১২] আরএমজি ব্যতীত অন্যান্য রপ্তানিমুখী শিল্প সম্প্রসারণে সমস্যা ও সম্ভাবনা চিহ্নিতকরণ বিষয়ক কর্মশালা	[২.১২.১] কর্মশালা আয়োজিত	তারিখ	তারিখ	১		২৮.১২.২৩	১৫.০৫.২৫	৩১.০৫.২৫				১৫.০৫.২৬	১৫.০৫.২৭
		[২.১৩] ন্যাশনাল ট্যারিফ পলিসি, ২০২৩ এর বিষয়ে অংশীজনদের অবহিতকরণ সংক্রান্ত কর্মশালা	[২.১৩.১] কর্মশালা আয়োজিত	তারিখ	তারিখ	১			৩১.০১.২৫	২৮.০২.২৫				৩১.০১.২৬	৩১.০১.২৭
		[২.১৪] নারী উদ্যোক্তাদের সক্ষমতা বৃদ্ধি	[২.১৪.১] প্রশিক্ষণ ব্যাচ	সমষ্টি	ব্যাচ	১	৩০	১৮ (মার্চ, ২০২৪ পর্যন্ত)	৩০	২০				৩০	৩০
		[২.১৫] তৈরি পোশাক শিল্পের কর্মরত শ্রমিক/কর্মচারীদের দক্ষতা উন্নয়নে প্রশিক্ষণ প্রদান	[২.১৫.১] প্রশিক্ষিত শ্রমিক কর্মচারী	সমষ্টি	সংখ্যা	১	১৫০০	১১৭০ (মার্চ, ২০২৪ পর্যন্ত)	১৪০০	১২৫০	১২০০			১৫০০	১৭০০

কৌশলগত উদ্দেশ্য	কৌশলগত উদ্দেশ্যের মান	কার্যক্রম	কর্মসম্পাদন সূচক	গণনা পদ্ধতি	একক	কর্মসম্পাদন সূচকের মান	প্রকৃত অর্জন ২০২২-২৩	প্রকৃত অর্জন* ২০২৩-২৪	লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৪-২৫					প্রক্ষেপণ ২০২৫-২০২৬	প্রক্ষেপণ ২০২৬-২০২৭
									অসাধারণ	অতি উত্তম	উত্তম	চলতি মান	চলতি মানের নিম্নে		
									১০০%	৯০%	৮০%	৭০%	৬০%		
মন্ত্রণালয়/বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ															
		[২.১৬] তৈরি পোশাক খাতে দক্ষতা ও উৎপাদনশীলতা বৃদ্ধির লক্ষ্যে মিড লেভেল ম্যানেজারদের উচ্চতর ও দীর্ঘ মেয়াদি প্রশিক্ষণ প্রদান	[২.১৬.১] প্রশিক্ষিত ম্যানেজার/কর্মকর্তা	সমষ্টি	সংখ্যা	১	৩০		৫৫	৫০	৪৫			৭৫	৯০
		[২.১৭] কর বহির্ভূত রাজস্ব আদায়	[২.১৭.১] রাজস্ব আদায়কৃত	ক্রমপুঞ্জিভূত	%	২		নতুন কার্যক্রম	৯০	৮৫				৯০	৯০
[৩] ভোক্তা সাধারণের অধিকার ও স্বার্থ সংরক্ষণ	১৫	[৩.১] দ্রব্যমূল্য ও বাজার পরিস্থিতি পর্যালোচনা সংক্রান্ত টাস্কফোর্স এর সভার সিদ্ধান্ত বাস্তবায়ন	[৩.১.১] বাস্তবায়িত সিদ্ধান্ত	সমষ্টি	%	১	১০০	১০০ (মার্চ, ২০২৪ পর্যন্ত)	১০০	৯৫	৯০	৮৫		১০০	১০০
		[৩.২] দ্রব্যমূল্য স্থিতিশীল রাখার নিমিত্ত বাজার মনিটরিং	[৩.২.১] বাজার মনিটরিং সম্পন্ন	সমষ্টি	সংখ্যা	২	৪০৮	৩০০ (মার্চ, ২০২৪ পর্যন্ত)	৪০০	৩৮০	৩৬০			৪৫০	৫০০

কৌশলগত উদ্দেশ্য	কৌশলগত উদ্দেশ্যের মান	কার্যক্রম	কর্মসম্পাদন সূচক	গণনা পদ্ধতি	একক	কর্মসম্পাদন সূচকের মান	প্রকৃত অর্জন ২০২২-২৩	প্রকৃত অর্জন* ২০২৩-২৪	লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৪-২৫					প্রক্ষেপণ ২০২৫-২০২৬	প্রক্ষেপণ ২০২৬-২০২৭
									অসাধারণ	অতি উত্তম	উত্তম	চলতি মান	চলতি মানের নিম্নে		
									১০০%	৯০%	৮০%	৭০%	৬০%		
মন্ত্রণালয়/বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ															
		[৩.৩] বাজার মনিটরিং টিমের টিম লিডারদের নিয়ে ওয়ার্কশপ আয়োজন	[৩.৩.১] আয়োজিত ওয়ার্কশপ	সমষ্টি	সংখ্যা	১		১ (মার্চ, ২০২৪ পর্যন্ত)	২	১				২	২
		[৩.৪] ডিজিটাল কমার্স পলিসি ২০১৮ হালনাগাদকরণ	[৩.৪.১] খসড়া চূড়ান্ত অনুমোদনের জন্য মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরিত	তারিখ	তারিখ	১		নতুন কার্যক্রম	১৫.০৬.২৫	২৫.০৬.২৫					
		[৩.৫] ডিবিআইডি সনদ ইস্যু	[৩.৫.১] ডিবিআইডি সনদ ইস্যু	সমষ্টি	সংখ্যা	২		নতুন কার্যক্রম	৫০০	৪০০				৫০০	৫০০
		[৩.৬] আমদানি নিবন্ধন সনদপত্রের আবেদন নিষ্পত্তিকরণ	[৩.৬.১] আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর কর্তৃক ইস্যুকৃত সনদপত্র	গড়	%	৩		নতুন কার্যক্রম	৯৬	৯০	৮০	৭০	৬০		
		[৩.৭] সিসিএমএস এ প্রাপ্ত অভিযোগ নিষ্পত্তি	[৩.৭.১] জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর কর্তৃক অভিযোগ নিষ্পত্তিকৃত	গড়	%	৩		নতুন কার্যক্রম	৭৫	৭০				৭৫	৭৫
		[৩.৮] The Essential Commodities Control Order, 1981 সংশোধনের লক্ষ্যে খসড়া প্রণয়ন	[৩.৮.১] আইনের খসড়ার বিষয়ে মতামত গ্রহণের জন্য লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগে প্রেরণ	তারিখ	তারিখ	২		নতুন কার্যক্রম	৩০.০৫.২৫	১৫.০৬.২৫	২৫.০৬.২৫				

কৌশলগত উদ্দেশ্য	কৌশলগত উদ্দেশ্যের মান	কার্যক্রম	কর্মসম্পাদন সূচক	গণনা পদ্ধতি	একক	কর্মসম্পাদন সূচকের মান	প্রকৃত অর্জন ২০২২-২৩	প্রকৃত অর্জন* ২০২৩-২৪	লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৪-২৫					প্রক্ষেপণ ২০২৫-২০২৬	প্রক্ষেপণ ২০২৬-২০২৭
									অসাধারণ	অতি উত্তম	উত্তম	চলতি মান	চলতি মানের নিম্নে		
									১০০%	৯০%	৮০%	৭০%	৬০%		
মন্ত্রণালয়/বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমুহ															
[৪] নিত্য প্রয়োজনীয় পণ্যের সরবরাহ এবং মূল্য স্থিতিশীল রাখা	১০	[৪.১] নিম্ন আয়ের এক কোটি পরিবারের নিকট ভর্তুকী মূল্যে নিত্যপ্রয়োজনীয় পণ্য বিক্রয় নিশ্চিতকরণ	[৪.১.১] ভর্তুকী মূল্যে পণ্য সরবরাহকৃত	গড়	%	২	৯৮	৯৬	৯৪	৯২				১০০	১০০
		[৪.২]বাংলাদেশটিবোর্ড এমপ্লয়িজ ম্যানেজমেন্ট সিস্টেম (TEMS) তৈরি	[৪.২.১] বাংলাদেশ চা বোর্ড কর্তৃক (TEMS) চালুকৃত	তারিখ	তারিখ	২		নতুন কার্যক্রম	১৫.০৬.২৫	২৬.০৬.২৫					
		[৪.৩] নিত্যপ্রয়োজনীয় দ্রব্যমূল্য স্থিতিশীল রাখার লক্ষে দেশ/সংস্থার সাথে MOU স্বাক্ষর	[৪.৩.১] ট্রেডিং কর্পোরেশন অব বাংলাদেশকর্তৃক MOU স্বাক্ষরিত	সমষ্টি	সংখ্যা	২		নতুন কার্যক্রম	২	১					
		[৪.৪] কোম্পানি সংক্রান্ত পত্রাদি ডিজিটাল স্বাক্ষর এর মাধ্যমে প্রেরণের সিস্টেম তৈরিকরণ।	[৪.৪.১] যৌথমূলধন কোম্পানি ও ফার্মসমূহের পরিদপ্তর কর্তৃক পরিপত্র জারি	তারিখ	তারিখ	২		নতুন কার্যক্রম	৩১.১২.২৪	৩১.০১.২৫					
		[৪.৫] রপ্তানিকারকবৃন্দের ডেটাবেজ সফটওয়্যার প্রস্তুত	[৪.৫.১] রপ্তানি উন্নয়ন ব্যুরো কর্তৃক রপ্তানিকারকবৃন্দের ডেটাবেজ সফটওয়্যার প্রস্তুতকৃত	তারিখ	তারিখ	২		নতুন কার্যক্রম	২৮.০২.২৫	৩১.০৩.২৫					

কৌশলগত উদ্দেশ্য	কৌশলগত উদ্দেশ্যের মান	কার্যক্রম	কর্মসম্পাদন সূচক	গণনা পদ্ধতি	একক	কর্মসম্পাদন সূচকের মান	প্রকৃত অর্জন ২০২২-২৩	প্রকৃত অর্জন* ২০২৩-২৪	লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৪-২৫					প্রক্ষেপণ ২০২৫-২০২৬	প্রক্ষেপণ ২০২৬-২০২৭
									অসাধারণ	অতি উত্তম	উত্তম	চলতি মান	চলতি মানের নিম্নে		
									১০০%	৯০%	৮০%	৭০%	৬০%		
আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ															
[১] সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ	৩০	[১.১] শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়ন	[১.১.১] শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়িত	ক্রমপুঞ্জিভূত	প্রাপ্ত নম্বর	১০									
		[১.২] ই-গভর্ন্যান্স/ উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন	[১.২.১] ই-গভর্ন্যান্স/ উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়িত	ক্রমপুঞ্জিভূত	প্রাপ্ত নম্বর	১০									
		[১.৩] অভিযোগ প্রতিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন	[১.৩.১] অভিযোগ প্রতিকার কর্মপরিকল্পনা বাস্তবায়িত	ক্রমপুঞ্জিভূত	প্রাপ্ত নম্বর	৪									
		[১.৪] সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন	[১.৪.১] সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়িত	ক্রমপুঞ্জিভূত	প্রাপ্ত নম্বর	৩									
		[১.৫] তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন	[১.৫.১] তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়িত	ক্রমপুঞ্জিভূত	প্রাপ্ত নম্বর	৩									

*সাময়িক (provisional) তথ্য

আমি, সচিব, বাণিজ্য মন্ত্রণালয় মাননীয় প্রতিমন্ত্রী, বাণিজ্য মন্ত্রণালয়-এর প্রতিনিধি হিসাবে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিনিধি মন্ত্রিপরিষদ সচিবের নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে সচেষ্ট থাকব।

আমি, মন্ত্রিপরিষদ সচিব, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিনিধি হিসাবে সচিব, বাণিজ্য মন্ত্রণালয়-এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত:

১৫. ০৭.২০২৪

সচিব
বাণিজ্য মন্ত্রণালয়

তারিখ

১৫.০৭.২০২৪

মন্ত্রিপরিষদ সচিব
মন্ত্রিপরিষদ বিভাগ

তারিখ

সংযোজনী-১

ক্রমিক নম্বর	শব্দসংক্ষেপ (Acronyms)	বিবরণ
১	GI	Geographical Indication
২	MOU	Memorandum of Understanding
৩	NTFC	National Trade Facilitation Committee
৪	RTA	Regional Trade Agreement
৫	TRIPS	Trade-Related Aspects of Intellectual Property Rights
৬	আইআইটি	ইমপোর্ট এন্ড ইনটারনাল ট্রেড
৭	আইপি	ইমপোর্ট পারমিট
৮	আরএমজি	রেডিমেট গার্মেন্টস
৯	আরজেএসসি	রেজিস্ট্রার অব জয়েন্ট স্টক কোম্পানি
১০	আরসিপি	বাংলাদেশ রিজিওনাল কানেক্টিভিটি প্রজেক্ট
১১	ইপিবি	এক্সপোর্ট প্রমোশন ব্যুরো
১২	এনটিএফএ	ন্যাশনাল ট্রেড ফ্যাসিলিটেশন এগ্রিমেন্ট
১৩	এফটিএ	ফরেন ট্রেড এগ্রিমেন্ট
১৪	এলডিসি	লিস্ট ডেভেলপ্ড কানট্রিজ
১৫	ওআইসি	অর্গানাইজেশন অব ইসলামিক কনফারেন্স
১৬	জেএসজি	জয়েন্ট স্টাডি গ্রুপ
১৭	জেটিজি	জয়েন্ট টেকনিক্যাল গ্রুপ
১৮	জেটিসি	জয়েন্ট ট্রেড কমিশন
১৯	জেডব্লিউজি	জয়েন্ট ওয়ার্কিং গ্রুপ
২০	টিএনসি	ট্রেড নেগোশিয়েটিং কমিটি
২১	টিপিএস-ওআইসি	ট্রেড প্রিফারেনশিয়াল সিস্টেম এমং দ্য মেম্বার স্টেটস অব ওআইসি
২২	টিসিবি	ট্রেডিং কর্পোরেশন অব বাংলাদেশ
২৩	ডব্লিউটিও	ওয়ার্ল্ড ট্রেড অর্গানাইজেশন
২৪	ডি-৮	ডেভেলপিং-৮
২৫	ডিএনসিআরপি	ডাইরেক্টরেট অব ন্যাশনাল কনজুমার্স রাইটস প্রটেকশন
২৬	ডিএফকিউএফ	ডিউটি ফ্রি কোটা ফ্রি
২৭	ডিবিআইডি	ডিজিটাল বিজনেস আইডেনটিটি
২৮	পিটিএ	প্রিফারেনশিয়াল ট্রেড এগ্রিমেন্ট
২৯	বিটিবি	বাংলাদেশ টি বোর্ড
৩০	বিপিসি	বিজনেস প্রমোশন কাউন্সিল
৩১	সিএসএলএম	কমার্স সেক্রেটারি লেভেল মিটিং
৩২	সিসিআইই	চিফ কনট্রোলার অব ইমপোর্ট এন্ড এক্সপোর্ট
৩৩	সিসিএমএস	সেন্ট্রাল কম্প্লেইন ম্যানেজমেন্ট সিস্টেম

সংযোজনী ২: কর্মসম্পাদন ব্যবস্থাপনা ও প্রমাণক

কার্যক্রম	কর্মসম্পাদন সূচকসমূহ	বাস্তবায়নকারী অনুবিভাগ, অধিশাখা, শাখা এবং আওতাধীন দপ্তর/সংস্থা	লক্ষ্যমাত্রা অর্জনের প্রমাণক
[১.১] আঞ্চলিক বাণিজ্য চুক্তি স্বাক্ষরের লক্ষ্যে সম্ভাব্যতা সমীক্ষা পরিচালনা করা	[১.১.১] পরিচালিত সম্ভাব্যতা সমীক্ষা প্রতিবেদন চূড়ান্তকরণ	এফটিএ অনুবিভাগ, এফটিএ- ১ ,২,৩,৪,৫,৬ শাখা, ও সহকারী বাণিজ্য পরামর্শক এর শাখা	সামারি শিট, ভ্যালিডেশন ওয়ার্কশপের রিপোর্ট/কার্যবিবরণী
[১.২] দ্বিপাক্ষিক বাণিজ্য সংক্রান্ত সভা আয়োজন/ অংশগ্রহণ (JTC, JTG, JWG etc)	[১.২.১] সভার রেকর্ড অব ডিসকাসন প্রস্তুতকৃত	এফটিএ অনুবিভাগ, এফটিএ- ১ ,২,৩,৪,৫,৬ শাখা, ও সহকারী বাণিজ্য পরামর্শক এর শাখা	সম্মত কার্যবিবরণী/সামারি অব ডিসকাশন (বৃহৎ আকার হলে ১ম পৃষ্ঠা ও স্বাক্ষর পৃষ্ঠা)
[১.৩] দ্বিপাক্ষিক, আঞ্চলিক এবং বহুপাক্ষিক বাণিজ্য সংক্রান্ত নেগোসিয়েশনে অংশগ্রহণ/ আয়োজন (CSLM, TNC, JSG, JWG etc)	[১.৩.১] নেগোসিয়েশনের রিপোর্ট	এফটিএ অনুবিভাগ, এফটিএ-১,২,৩,৪,৫,৬ শাখা ও সহকারী বাণিজ্য পরামর্শক এর শাখা	সম্মত কার্যবিবরণী/সামারি অব ডিসকাশন (বৃহৎ আকার হলে ১ম পৃষ্ঠা ও স্বাক্ষর পৃষ্ঠা)
[১.৪] জাতীয় স্বার্থ সংরক্ষণের লক্ষ্যে দ্বিপাক্ষিক, আঞ্চলিক ও বহুপাক্ষিক বাণিজ্য নেগোসিয়েশনে অংশগ্রহণের লক্ষ্যে অবস্থানপত্র/ কৌশলপত্র/ব্রীফ/রানিং নোট প্রস্তুত	[১.৪.১] প্রস্তুতকৃত কৌশলপত্র/ডিসিশন/আউটকাম ডকুমেন্টস	এফটিএ অনুবিভাগ, এফটিএ-১,২,৩,৪,৫,৬ শাখা ও সহকারী বাণিজ্য পরামর্শক এর শাখা, রপ্তানি ৫ ও ৬ শাখা এবং ডব্লিউটিও-৩ অধিশাখা, ডব্লিউটিও-৫ শাখা	প্রস্তুতকৃত কৌশলপত্র/সিদ্ধান্ত/আউটকাম ডকুমেন্টস/ রানিং নোট/ সভার কার্যবিবরণী (সংবেদনশীল হলে সারসংক্ষেপ)
[১.৫] দ্বিপাক্ষিক/ আঞ্চলিক বাণিজ্য সহযোগিতা সংক্রান্ত চুক্তি/সমঝোতা স্মারক স্বাক্ষর	[১.৫.১] স্বাক্ষরিত চুক্তি/সমঝোতা স্মারক	এফটিএ অনুবিভাগ, এফটিএ-১,২,৩,৪,৫,৬ শাখা এবং বাণিজ্য সহকারী বাণিজ্য পরামর্শক এর শাখা	সামারি শিট, স্বাক্ষরিত চুক্তি/ সমঝোতা স্মারক
[১.৬] ট্রেড নেগোশিয়েশন বৃদ্ধির লক্ষ্যে বাণিজ্য মন্ত্রণালয়সহ সংশ্লিষ্ট কর্মকর্তাদের নেগোসিয়েশন সংশ্লিষ্ট প্রশিক্ষণে প্রেরণ /আয়োজন	[১.৬.১] প্রশিক্ষিত কর্মকর্তা	এফটিএ অনুবিভাগ, এফটিএ-২,৪,৫ শাখা	সামারি শিট (তারিখ, বিষয়বস্তুর বিবরণ, ব্যয়িত জনঘন্টা, অংশগ্রহণকারীর সংখ্যা, নোটিশের স্মারক নম্বর) অনুষ্ঠিত প্রশিক্ষণের নোটিশ ও হাজিরা
[১.৭] বাংলাদেশের এলডিসি গ্রাজুয়েশনের প্রেক্ষাপটে আঞ্চলিক বাণিজ্য চুক্তি (আরটিএ) চুক্তির অভিঘাত/প্রভাব বিষয়ে সেমিনার আয়োজন	[১.৭.১] আয়োজিত সেমিনার	এফটিএ অনুবিভাগ, এফটিএ ৪ শাখা	সামারি শিট (তারিখ, বিষয়বস্তুর বিবরণ, ব্যয়িত জনঘন্টা, অংশগ্রহণকারীর সংখ্যা, নোটিশের স্মারক নম্বর) অনুষ্ঠিত সেমিনারের নোটিশ ও হাজিরা
[১.৮] বর্ডার হাট পরিচালনা/কার্যকারিতা পরিদর্শনের সুপারিশ বাস্তবায়ন	[১.৮.১] পরিদর্শন প্রতিবেদনের ২০২৪-২৫ অর্থবছরের বাস্তবায়নযোগ্য সুপারিশের বাস্তবায়ন	এফটিএ অনুবিভাগ, এফটিএ-১ শাখা	সামারি শিট (পরিদর্শনের তারিখ, পরিদর্শনকারী কর্মকর্তার নাম ও পদবী, প্রদত্ত সুপারিশের সংখ্যা, বাস্তবায়িত সুপারিশের সংখ্যা)
[১.৯] দ্বিপাক্ষিক, আঞ্চলিক ও বহুপাক্ষিক বাণিজ্য সংক্রান্ত নেগোসিয়েশনে অংশগ্রহনের লক্ষ্যে বাংলাদেশের অবস্থান নির্ধারন সংক্রান্ত স্টেক হোল্ডার কনসালটেশন পরিচালনা	[১.৯.১] বাংলাদেশ ট্রেড এন্ড ট্যারিফ কমিশন কর্তৃক আয়োজিত কনসালটেশন	এফটিএ অনুবিভাগ, এফটিএ-৪ শাখা, বাংলাদেশ ট্রেড এন্ড ট্যারিফ কমিশন এবং প্রশাসন অনুবিভাগ, প্রশাসন-২ শাখা	সামারিশিট এবং লক্ষ্যমাত্রা অর্জন সংক্রান্ত অফিস প্রধান কর্তৃক স্বাক্ষরিত প্রত্যয়ন।
[১.১০] ডব্লিউটিও এর অনলাইন কোর্সসমূহ সম্পন্নকরণ	[১.১০.১] কোর্স সম্পন্নকৃত	রপ্তানি অনুবিভাগ, রপ্তানি-১ অধিশাখা, রপ্তানি-৩ শাখা	সামারি শিট (পরিদর্শনের তারিখ, পরিদর্শনের অফিসের নাম, পরিদর্শনকারী কর্মকর্তার নাম ও পদবী) পরিদর্শন প্রতিবেদন

কার্যক্রম	কর্মসম্পাদন সূচকসমূহ	বাস্তবায়নকারী অনুবিভাগ, অধিশাখা, শাখা এবং আওতাধীন দপ্তর/সংস্থা	লক্ষ্যমাত্রা অর্জনের প্রমাণক
[১.১১] রপ্তানি বাণিজ্য বৃদ্ধির লক্ষ্যে কমার্শিয়াল কাউন্সেলর/প্রথম সচিব (বাণিজ্যিক) এর সাথে ভার্চুয়াল মতিবনিময় সভা	[১.১১.১] আয়োজিত সভা	রপ্তানি অনুবিভাগ, রপ্তানি-১ অধিশাখা, রপ্তানি-৩ শাখা	সভার নোটিশ, সভার কার্যবিবরণী
[১.১২] জাতীয় রপ্তানি ট্রফি ২০২২-২৩ চূড়ান্তকরণ	[১.১২.১] তালিকা চূড়ান্তকরণ	রপ্তানি অনুবিভাগ, রপ্তানি-১ অধিশাখা, রপ্তানি-৪ শাখা	প্রকাশিত গেজেট
[১.১৩] বিদেশে ১টি বাণিজ্যিক উইং স্থাপন	[১.১৩.১] স্থাপিত মিশন	রপ্তানি অনুবিভাগ, রপ্তানি-১ অধিশাখা, রপ্তানি-৩ শাখা	সরকারি পত্র
[১.১৪] ডব্লিউটিও সংক্রান্ত বিভিন্ন ইস্যুতে বাংলাদেশের অবস্থানপত্র প্রস্তুত	[১.১৪.১] প্রেরিত অবস্থান পত্র	ডব্লিউটিও অনুবিভাগ, ডব্লিউটিও ১,২,৩ শাখা	প্রেরিত অবস্থানপত্র
[১.১৫] কর্মকর্তাদের সক্ষমতা বৃদ্ধির জন্য ডব্লিউটিও এগ্রিমেন্ট বিষয়ক প্রশিক্ষণ বা কর্মশালার আয়োজন	[১.১৫.১] অনুষ্ঠিত প্রশিক্ষণ/ কর্মশালা	ডব্লিউটিও অনুবিভাগ, ডব্লিউটিও ৩ শাখা	সামারি শিট (তারিখ, বিষয়বস্তুর বিবরণ, ব্যয়িত জনঘন্টা, অংশগ্রহণকারীর সংখ্যা, নোটিশের স্মারক নম্বর) অনুষ্ঠিত প্রশিক্ষণ/কর্মশালার নোটিশ ও হাজিরা
[১.১৬] FTA/EPA/RCP করার নিমিত্ত স্টাডিকরণ	[১.১৬.১] স্টাডিস	পরিকল্পনা সেল, পরিকল্পনা-৩ শাখা	সামারি শীট এবং স্টাডি রিপোর্ট
[১.১৭] GI পণ্যভিত্তিক ট্রেড বডির সাথে মতবিনিময় সভা আয়োজন	[১.১৭.১] মতবিনিময় সভা আয়োজিত	রপ্তানি অনুবিভাগ, রপ্তানি-১ অধিশাখা, রপ্তানি-৩ শাখা	মতবিনিময় সভার নোটিশ, হাজিরা ও কার্যবিবরণী
[২.১] রপ্তানি সংক্রান্ত পরিবীক্ষণ ও মূল্যায়ন কমিটির সভা আয়োজন	[২.১.১] সভা আয়োজিত	রপ্তানি অনুবিভাগ, রপ্তানি-১ অধিশাখা, রপ্তানি-১ শাখা	সভার নোটিশ, সভার কার্যবিবরণী
[২.২] বাংলাদেশের অভ্যন্তরে বিভিন্ন দেশীয় মেলা/ আন্তর্জাতিক মেলা আয়োজনের আবেদন নিষ্পত্তি	[২.২.১] মেলা আয়োজনের আবেদন নিষ্পত্তিকৃত	রপ্তানি অনুবিভাগ, রপ্তানি-২ অধিশাখা, রপ্তানি-৭ শাখা	মেলার অনুমতি প্রদান পত্র *ইভেন্টে অংশগ্রহণের স্থির চিত্র/ভিডিও/প্রকাশনা/প্রতিবেদন সংরক্ষণ করতে হবে।
[২.৩] জাতীয় লজিস্টিক পলিসি ২০২৪ এর বাণিজ্য মন্ত্রণালয় সম্পর্কিত বিষয়ে কর্মপরিকল্পনা প্রণয়ন	[২.৩.১] কর্মপরিকল্পনা প্রণয়নকৃত	এফটিএ অনুবিভাগ, এফটিএ-৫ শাখা	প্রস্তুতকৃত কর্মপরিকল্পনা
[২.৪] রপ্তানি বৃদ্ধির লক্ষ্যে বিদেশী বাণিজ্যিক ডেলিগেশনের বাংলাদেশে সফর আয়োজন	[২.৪.১] অনুষ্ঠিত সফর	রপ্তানি অনুবিভাগ,রপ্তানি-২ অধিশাখা,রপ্তানি-৫ ও ৬ শাখা	রেকর্ড অব নোটস
[২.৫] রপ্তানি বৃদ্ধিতে বিদেশে বাণিজ্যিক ডেলিগেশন প্রেরণ	[২.৫.১] ডেলিগেশন প্রেরিত	রপ্তানি অনুবিভাগ, রপ্তানি-২ অধিশাখা, রপ্তানি-৫ ও ৬ শাখা	সফরের আদেশের কপি (জিও)/ রেকর্ড অব ডিসকাসন
[২.৬] নারী উদ্যোক্তাদের ম্যাচিং গ্রান্ট সাপোর্ট প্রদান	[২.৬.১] পাইলটিং প্রোগ্রাম	পরিকল্পনা সেল, পরিকল্পনা-৩ শাখা এবং প্রকল্প পরিচালক, বিআরসিপি প্রকল্প	ম্যাচিং গ্রান্ট সাপোর্ট প্রদান সংক্রান্ত পত্র/অফিস আদেশ
[২.৭] চেম্বার অব কমার্স এন্ড ইন্ড্রাস্ট্রিজ পরিচালনায় দক্ষতা বৃদ্ধি	[২.৭.১] অনুষ্ঠিত কর্মশালা	বাণিজ্য সংগঠন অনুবিভাগ, টিও-১ শাখা	সামারি শিট (তারিখ, বিষয়বস্তুর বিবরণ, ব্যয়িত জনঘন্টা, অংশগ্রহণকারীর সংখ্যা, নোটিশের স্মারক নম্বর) অনুষ্ঠিত কর্মশালার নোটিশ ও হাজিরা

কার্যক্রম	কর্মসম্পাদন সূচকসমূহ	বাস্তবায়নকারী অনুবিভাগ, অধিশাখা, শাখা এবং আওতাধীন দপ্তর/সংস্থা	লক্ষ্যমাত্রা অর্জনের প্রমাণক
[২.৮] বাণিজ্য সংগঠন আইন ২০২২ প্রতিপালনপূর্বক Smart Governance System of Trade Organizations রেসপনসিভ ওয়েভ পোর্টালের ব্যবহারে সংগঠনসমূহের সক্ষমতা অর্জন বিষয়ক প্রশিক্ষণ	[২.৮.১] অনুষ্ঠিত প্রশিক্ষণ	বাণিজ্য সংগঠন অনুবিভাগ, টিও-১ শাখা	সামারি শিট (তারিখ, বিষয়বস্তুর বিবরণ, ব্যয়িত জনঘন্টা, অংশগ্রহণকারীর সংখ্যা, নোটিশের স্মারক নম্বর) অনুষ্ঠিত প্রশিক্ষণের নোটিশ ও হাজিরা
[২.৯] স্বল্পোন্নত দেশ হতে উত্তরণের চ্যালেঞ্জ মোকাবেলায় প্রস্তুতকৃত সময়াবদ্ধ কর্মপরিকল্পনা বাস্তবায়ন বিষয়ে সংশ্লিষ্ট অংশীজনের অংশগ্রহণে কর্মশালা আয়োজন করা	[২.৯.১] স্বল্পোন্নত দেশ হতে উত্তরণের চ্যালেঞ্জ মোকাবেলায় আয়োজিত কর্মশালা	ট্রেড সাপোর্ট মেজার্স অনুবিভাগ, টিএসএম-১	সামারি শিট (তারিখ, বিষয়বস্তুর বিবরণ, ব্যয়িত জনঘন্টা, অংশগ্রহণকারীর সংখ্যা, নোটিশের স্মারক নম্বর) অনুষ্ঠিত কর্মশালার নোটিশ ও হাজিরা
[২.১০] আওতাধীন দপ্তর/সংস্থা ও মাঠ পর্যায়ের অফিসের কার্যক্রম পরিবীক্ষণের সুপারিশ বাস্তবায়ন	[২.১০.১] আওতাধীন দপ্তর/সংস্থা ও মাঠ পর্যায়ের অফিসেরকার্যক্রম পরিবীক্ষণের ২০২৪-২৫ অর্থবছরের বাস্তবায়নযোগ্য সুপারিশের বাস্তবায়ন	প্রশাসন অনুবিভাগ, প্রশাসন-১ শাখা	সামারি শিট (পরিদর্শনের তারিখ, পরিদর্শনের অফিসের নাম, পরিদর্শনকারী কর্মকর্তার নাম ও পদবী) পরিদর্শন প্রতিবেদন
[২.১১] অভ্যন্তরীণ ও আন্তর্জাতিক বাণিজ্য সংশ্লিষ্ট লার্নিং সেশন আয়োজন	[২.১১.১] লার্নিং সেশন আয়োজিত	প্রশাসন অনুবিভাগ, প্রশাসন-২ শাখা	সামারি শিট (তারিখ, বিষয়বস্তুর বিবরণ, ব্যয়িত জনঘন্টা, অংশগ্রহণকারীর সংখ্যা, নোটিশের স্মারক নম্বর) অনুষ্ঠিত লার্নিং সেশনের নোটিশ ও হাজিরা
[২.১২] আরএমজি ব্যতীত অন্যান্য রপ্তানিমুখী শিল্প সম্প্রসারণে সমস্যা ও সম্ভাবনা চিহ্নিতকরণ বিষয়ক কর্মশালা	[২.১২.১] কর্মশালা আয়োজিত	রপ্তানি অনুবিভাগ, রপ্তানি-০৯ শাখা	সামারি শিট (তারিখ, বিষয়বস্তুর বিবরণ, ব্যয়িত জনঘন্টা, অংশগ্রহণকারীর সংখ্যা, নোটিশের স্মারক নম্বর) অনুষ্ঠিত কর্মশালার নোটিশ ও হাজিরা
[২.১৩] ন্যাশনাল ট্যারিফ পলিসি, ২০২৩ এর বিষয়ে অংশীজনদের অবহিতকরণ সংক্রান্ত কর্মশালা	[২.১৩.১] কর্মশালা আয়োজিত	এফটিএ অনুবিভাগ, এফটিএ-৪ শাখা	সামারি শিট (তারিখ, বিষয়বস্তুর বিবরণ, ব্যয়িত জনঘন্টা, অংশগ্রহণকারীর সংখ্যা, নোটিশের স্মারক নম্বর) অনুষ্ঠিত কর্মশালার নোটিশ ও হাজিরা
[২.১৪] নারী উদ্যোক্তাদের সক্ষমতা বৃদ্ধি	[২.১৪.১] প্রশিক্ষণ ব্যাচ	পরিকল্পনা সেল, পরিকল্পনা-৩ শাখা এবং প্রকল্প পরিচালক, বিআরসিপি প্রকল্প	সামারি শিট (তারিখ, বিষয়বস্তুর বিবরণ, ব্যয়িত জনঘন্টা, অংশগ্রহণকারীর সংখ্যা, নোটিশের স্মারক নম্বর) অনুষ্ঠিত প্রশিক্ষণের নোটিশ ও হাজিরা
[২.১৫] তৈরি পোশাক শিল্পের কর্মরত শ্রমিক/কর্মচারীদের দক্ষতা উন্নয়নে প্রশিক্ষণ প্রদান	[২.১৫.১] প্রশিক্ষিত শ্রমিক কর্মচারী	রপ্তানি অনুবিভাগ, রপ্তানি-১০ শাখা	সামারি শিট (তারিখ, বিষয়বস্তুর বিবরণ, ব্যয়িত জনঘন্টা, অংশগ্রহণকারীর সংখ্যা, নোটিশের স্মারক নম্বর) অনুষ্ঠিত প্রশিক্ষণের নোটিশ ও হাজিরা
[২.১৬] তৈরি পোশাক খাতে দক্ষতা ও উৎপাদনশীলতা বৃদ্ধির লক্ষ্যে মিড লেভেল ম্যানেজারদের উচ্চতর ও দীর্ঘ মেয়াদি প্রশিক্ষণ প্রদান	[২.১৬.১] প্রশিক্ষিত ম্যানেজার/কর্মকর্তা	রপ্তানি অনুবিভাগ, রপ্তানি-১০ শাখা	সামারি শিট (তারিখ, বিষয়বস্তুর বিবরণ, ব্যয়িত জনঘন্টা, অংশগ্রহণকারীর সংখ্যা, নোটিশের স্মারক নম্বর) অনুষ্ঠিত প্রশিক্ষণের নোটিশ ও হাজিরা
[২.১৭] কর বহির্ভূত রাজস্ব আদায়	[২.১৭.১] রাজস্ব আদায়কৃত	প্রশাসন অনুবিভাগ, প্রশাসন-১ অধিশাখা, বাজেট শাখা	আইবাস ++ এর প্রতিবেদন

কার্যক্রম	কর্মসম্পাদন সূচকসমূহ	বাস্তবায়নকারী অনুবিভাগ, অধিশাখা, শাখা এবং আওতাধীন দপ্তর/সংস্থা	লক্ষ্যমাত্রা অর্জনের প্রমাণক
[৩.১] দ্রব্যমূল্য ও বাজার পরিস্থিতি পর্যালোচনা সংক্রান্ত টাস্কফোর্স এর সভার সিদ্ধান্ত বাস্তবায়ন	[৩.১.১] বাস্তবায়িত সিদ্ধান্ত	আইআইটি অনুবিভাগ, অবা-৫ শাখা	সভার কার্যবিবরণী, সভার সিদ্ধান্ত বাস্তবায়নের প্রতিবেদন
[৩.২] দ্রব্যমূল্য স্থিতিশীল রাখার নিমিত্ত বাজার মনিটরিং	[৩.২.১] বাজার মনিটরিং সম্পন্ন	আইআইটি অনুবিভাগ, দ্রব্যমূল্য পর্যালোচনা ও পূর্বাভাস সেল	সামারি শিট/বাজার মনিটরিং এর রিপোর্ট
[৩.৩] বাজার মনিটরিং টিমের টিম লিডারদের নিয়ে ওয়ার্কশপ আয়োজন	[৩.৩.১] আয়োজিত ওয়ার্কশপ	আইআইটি অনুবিভাগ, দ্রব্যমূল্য পর্যালোচনা ও পূর্বাভাস সেল	সামারি শিট (তারিখ, বিষয়বস্তুর বিবরণ, ব্যয়িত জনঘন্টা, অংশগ্রহণকারীর সংখ্যা, নোটিশের স্মারক নম্বর) অনুষ্ঠিত ওয়ার্কশপের নোটিশ ও হাজিরা
[৩.৪] ডিজিটাল কমার্স পলিসি ২০১৮ হালনাগাদকরণ	[৩.৪.১] খসড়া চূড়ান্ত অনুমোদনের জন্য মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরিত	আইআইটি অনুবিভাগ, কেন্দ্রীয় ডিজিটাল কমার্স সেল	মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরিত পত্র
[৩.৫] ডিবিআইডি সনদ ইস্যু	[৩.৫.১] ডিবিআইডি সনদ ইস্যু	আইআইটি অনুবিভাগ, কেন্দ্রীয় ডিজিটাল কমার্স সেল	ডিবিআইডি সনদ প্রদানের তালিকা
[৩.৬] আমদানি নিবন্ধন সনদপত্রের আবেদন নিষ্পত্তিকরণ	[৩.৬.১] আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর কর্তৃক ইস্যুকৃত সনদপত্র	আইআইটি অনুবিভাগ, অবা-১ শাখা ও আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর এবং প্রশাসন অনুবিভাগ, প্রশাসন-২ শাখা	OLM ডাটাবেজ থেকে সামারি রিপোর্ট এবং লক্ষ্যমাত্রা অর্জন সংক্রান্ত অফিস প্রধান কর্তৃক স্বাক্ষরিত প্রত্যয়ন
[৩.৭] সিসিএমএস এ প্রাপ্ত অভিযোগ নিষ্পত্তি	[৩.৭.১] জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর কর্তৃক অভিযোগ নিষ্পত্তিকৃত	আইআইটি অনুবিভাগ, অবা-৪ শাখা, জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর এবং প্রশাসন অনুবিভাগ, প্রশাসন-২ শাখা	অভিযোগ সংক্রান্ত সামারি রিপোর্ট এবং লক্ষ্যমাত্রা অর্জন সংক্রান্ত অফিস প্রধান কর্তৃক স্বাক্ষরিত প্রত্যয়ন
[৩.৮] The Essential Commodities Control Order , 1981 সংশোধনের লক্ষ্যে খসড়া প্রণয়ন	[৩.৮.১] আইনের খসড়ার বিষয়ে মতামত গ্রহণের জন্য লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগে প্রেরণ	আইআইটি অনুবিভাগ, অবা-৫ শাখা	লেজিসলেটিভ বিভাগে প্রেরিত পত্র
[৪.১] নিম্ন আয়ের এক কোটি পরিবারের নিকট ভর্তুকী মূল্যে নিত্যপ্রয়োজনীয় পণ্য বিক্রয় নিশ্চিতকরণ	[৪.১.১] ভর্তুকী মূল্যে পণ্য সরবরাহকৃত	আইআইটি অনুবিভাগ, অবা-৩ শাখা ও ট্রেডিং কর্পোরেশন অব বাংলাদেশ	পণ্য সরবরাহের টিসিবি থেকে প্রাপ্ত প্রতিবেদন
[৪.২] বাংলাদেশ টি বোর্ড এমপ্লয়িজ ম্যানেজমেন্ট সিস্টেম (TEMS) তৈরি	[৪.২.১] বাংলাদেশ চা বোর্ড কর্তৃক (TEMS) চালুকৃত	রপ্তানি অনুবিভাগ, রপ্তানি-২ শাখা, বাংলাদেশ চা বোর্ড এবং প্রশাসন অনুবিভাগ, প্রশাসন-২ শাখা	অফিস আদেশ এবং কার্যক্রমটি চালু রয়েছে মর্মে অফিস প্রধানের প্রত্যয়ন
[৪.৩] নিত্যপ্রয়োজনীয় দ্রব্যমূল্য স্থিতিশীল রাখার লক্ষে দেশ/সংস্থার সাথে MOU স্বাক্ষর	[৪.৩.১] ট্রেডিং কর্পোরেশন অব বাংলাদেশকর্তৃক MOU স্বাক্ষরিত	আইআইটি অনুবিভাগ, অবা-৩ শাখা, ট্রেডিং কর্পোরেশন অব বাংলাদেশ এবং প্রশাসন অনুবিভাগ, প্রশাসন-২ শাখা	প্রকৌশল শাখা কর্তৃক বাণিজ্য মন্ত্রণালয়ে প্রেরিত পত্র
[৪.৪] কোম্পানি সংক্রান্ত পত্রাদি ডিজিটাল স্বাক্ষর এর মাধ্যমে প্রেরণের সিস্টেম তৈরিকরণ।	[৪.৪.১] যৌথমূলধন কোম্পানি ও ফার্মসমূহের পরিদপ্তর কর্তৃক পরিপত্র জারি	বাণিজ্য সংগঠন অনুবিভাগ, বাণিজ্য সংগঠন-১ শাখা, যৌথমূলধন কোম্পানি ও ফার্মসমূহের পরিদপ্তর এবং প্রশাসন অনুবিভাগ, প্রশাসন-২ শাখা	জারিকৃত পরিপত্র এবং সিস্টেমটি চালু রয়েছে মর্মে অফিস প্রধানের প্রত্যয়ন

কার্যক্রম	কর্মসম্পাদন সূচকসমূহ	বাস্তবায়নকারী অনুবিভাগ, অধিশাখা, শাখা এবং আওতাধীন দপ্তর/সংস্থা	লক্ষ্যমাত্রা অর্জনের প্রমাণক
[৪.৫] রপ্তানিকারকবৃন্দের ডেটাবেজ সফটওয়্যার প্রস্তুত	[৪.৫.১] রপ্তানি উন্নয়ন ব্যুরো কর্তৃক রপ্তানিকারকবৃন্দের ডেটাবেজ সফটওয়্যার প্রস্তুতকৃত	রপ্তানি অনুবিভাগ, রপ্তানি-২ শাখা, রপ্তানি উন্নয়ন ব্যুরো এবং প্রশাসন অনুবিভাগ, প্রশাসন-২ শাখা	সরকারি আদেশ এবং সিস্টেমটি চালু রয়েছে মর্মে অফিস প্রধানের প্রত্যয়ন

সংযোজনী ৩: অন্য অফিসের সঙ্গে সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচকসমূহ

কার্যক্রম	কর্মসম্পাদন সূচক	যেসকল অফিসের সাথে সংশ্লিষ্ট	সংশ্লিষ্ট অফিসের সাথে কার্যক্রম সমন্বয়ের কৌশল
রপ্তানি সংক্রান্ত পরিবীক্ষণ ও মূল্যায়ন কমিটির সভা আয়োজন	সভা আয়োজিত	১। অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় ২। জাতীয় রাজস্ব বোর্ড ৩।বাংলাদেশ ব্যাংক ৪। শিল্প মন্ত্রণালয় ৫। কৃষি মন্ত্রণালয় ৬। মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় ৭। বস্ত্র ও পাট মন্ত্রণালয় ৮। নৌ-পরিবহন মন্ত্রণালয় ৯। বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয় ১০। বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ ১১। বাংলাদেশ রপ্তানি প্রক্রিয়াকরণ অঞ্চল কর্তৃপক্ষ ১২। বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ (বেজা) ১৩। বাংলাদেশ ট্রেড এন্ড ট্যারিফ কমিশন ১৪। রপ্তানি উন্নয়ন ব্যুরো ১৫। আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর ১৬। বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প কর্পোরেশন ১৭। বিএসটিআই ১৮। কৃষি সম্প্রসারণ অধিদপ্তর ১৯। মৎস্য অধিদপ্তর ২০। প্রাণিসম্পদ অধিদপ্তর ২১। বিজনেস প্রমোশন কাউন্সিল ২২। এফবিসিসিআই ২৩। ঢাকা চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রিজ ২৪। মেট্রোপলিটন চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রিজ চেম্বার ২৫। বিজিএমইএ ২৬। বিকেএমইএ এবং অন্যান্য ব্যবসায়ী সংগঠনসমূহ	সভা ও পত্র যোগাযোগ
দ্বিপাক্ষিক, আঞ্চলিক ও বহুপাক্ষিক বাণিজ্য সংক্রান্ত নেগোসিয়েশনে অংশগ্রহনের লক্ষ্যে বাংলাদেশের অবস্থান নির্ধারন সংক্রান্ত স্টেক হোল্ডার কনসালটেশন পরিচালনা	বাংলাদেশ ট্রেড এন্ড ট্যারিফ কমিশন কর্তৃক আয়োজিত কনসালটেশন	বাংলাদেশ ট্রেড এন্ড ট্যারিফ কমিশন	পত্র যোগাযোগ/ সভা
আঞ্চলিক বাণিজ্য চুক্তি স্বাক্ষরের লক্ষ্যে সম্ভাব্যতা সমীক্ষা পরিচালনা করা	পরিচালিত সম্ভাব্যতা সমীক্ষা প্রতিবেদন চূড়ান্তকরণ	বাণিজ্য মন্ত্রণালয়, পররাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ ট্রেড এন্ড ট্যারিফ কমিশন, জাতীয় রাজস্ব বোর্ড, শিল্প মন্ত্রণালয় এবং সংশ্লিষ্ট অন্যান্য মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা	পত্র যোগাযোগ/ ডেলিকেশন /সভা/কর্মশালা/সভা /কর্মশালা/আন্ত:মন্ত্রণালয় সভা
দ্বিপাক্ষিক বাণিজ্য সংক্রান্ত সভা আয়োজন/ অংশগ্রহণ (JTC, JTG, JWG etc)	সভার রেকর্ড অব ডিসকাসন প্রস্তুতকৃত	পররাষ্ট্র মন্ত্রণালয়, জাতীয় রাজস্ব বোর্ড, রপ্তানি উন্নয়ন ব্যুরো, বাংলাদেশ ট্রেড এন্ড ট্যারিফ কমিশন এবং সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা	পত্র যোগাযোগ/ প্রযোজ্য ক্ষেত্রে আন্ত:মন্ত্রণালয় সভা
দ্বিপাক্ষিক, আঞ্চলিক এবং বহুপাক্ষিক বাণিজ্য সংক্রান্ত নেগোসিয়েশনে অংশগ্রহণ/ আয়োজন (CSLM, TNC, JSG, JWG etc)	নেগোসিয়েশনের রিপোর্ট	পররাষ্ট্র মন্ত্রণালয়, জাতীয় রাজস্ব বোর্ড, রপ্তানি উন্নয়ন ব্যুরো, বাংলাদেশ ট্রেড এন্ড ট্যারিফ কমিশন এবং সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা	পত্র যোগাযোগ/ প্রযোজ্য ক্ষেত্রে আন্ত:মন্ত্রণালয় সভা
জাতীয় স্বার্থ সংরক্ষণের লক্ষ্যে দ্বিপাক্ষিক, আঞ্চলিক ও বহুপাক্ষিক বাণিজ্য নেগোসিয়েশনে অংশগ্রহণের লক্ষ্যে অবস্থানপত্র/ কৌশলপত্র/ব্রীফ/রানিং নোট প্রস্তুত	প্রস্তুতকৃত কৌশলপত্র/ডিসিশন/আউটকাম ডকুমেন্টস	বাংলাদেশ ট্রেড এন্ড ট্যারিফ কমিশন, রপ্তানি উন্নয়ন ব্যুরো, পররাষ্ট্র মন্ত্রণালয়, জাতীয় রাজস্ব বোর্ড, শিল্প মন্ত্রণালয় এবং সংশ্লিষ্ট অন্যান্য মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা	পত্র যোগাযোগ/ প্রযোজ্য ক্ষেত্রে আন্ত:মন্ত্রণালয় সভা
দ্বিপাক্ষিক/ আঞ্চলিক বাণিজ্য সহযোগিতা সংক্রান্ত চুক্তি/সমঝোতা স্মারক স্বাক্ষর	স্বাক্ষরিত চুক্তি/সমঝোতা স্মারক	লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ পররাষ্ট্র মন্ত্রণালয়, জাতীয় রাজস্ব বোর্ড অন্যান্য সংশ্লিষ্ট সংস্থা	পত্র যোগাযোগ/ প্রযোজ্য ক্ষেত্রে আন্ত:মন্ত্রণালয় সভা

কার্যক্রম	কর্মসম্পাদন সূচক	যেসকল অফিসের সাথে সংশ্লিষ্ট	সংশ্লিষ্ট অফিসের সাথে কার্যক্রম সমন্বয়ের কৌশল
ট্রেড নেগোশিয়েশন বৃদ্ধির লক্ষ্যে বাণিজ্য মন্ত্রণালয়সহ সংশ্লিষ্ট কর্মকর্তাদের নেগোসিয়েশন সংশ্লিষ্ট প্রশিক্ষণে প্রেরণ /আয়োজন	প্রশিক্ষিত কর্মকর্তা	পররাষ্ট্র মন্ত্রণালয়, জাতীয় রাজস্ব বোর্ড, বাংলাদেশ ট্রেড এন্ড ট্যারিফ কমিশন এবং অন্যান্য মন্ত্রণালয়	পত্র যোগাযোগ
বাংলাদেশের এলডিসি গ্রাজুয়েশনের প্রেক্ষাপটে আঞ্চলিক বাণিজ্য চুক্তি (আরটিএ) চুক্তির অভিঘাত/প্রভাব বিষয়ে সেমিনার আয়োজন	আয়োজিত সেমিনার	বাণিজ্য মন্ত্রণালয় ও সংশ্লিষ্ট অন্যান্য মন্ত্রণালয়/বিভাগ দপ্তর /সংস্থা ও বেসরকারী থিঙ্ক ট্যাংক	পত্র যোগাযোগ
বর্ডার হাট পরিচালনা/কার্যকারিতা পরিদর্শনের সুপারিশ বাস্তবায়ন	পরিদর্শন প্রতিবেদনের ২০২৪-২৫ অর্থবছরের বাস্তবায়নযোগ্য সুপারিশের বাস্তবায়ন	বাণিজ্য মন্ত্রণালয়,স্বরাষ্ট্র মন্ত্রণালয় ও সংশ্লিষ্ট জেলা প্রশাসকের কার্যালয়	পত্র যোগাযোগ/ সরেজমিন পরিদর্শন
জাতীয় রপ্তানি ট্রফি ২০২২-২৩ চূড়ান্তকরণ	তালিকা চূড়ান্তকরণ	রপ্তানি উন্নয়ন ব্যুরো, বাংলাদেশ ব্যাংক, জননিরাপত্তা বিভাগ, জাতীয় রাজস্ব বোর্ড, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়, মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয় এবং বিজি প্রেস।	সভা ও পত্র যোগাযোগ

সংযোজনী ৪: যেসব নীতি/পরিকল্পনার আলোকে কর্মসম্পাদন পরিকল্পনা প্রস্তুত করা হয়েছে

ক্রমিক নম্বর	নীতি/পরিকল্পনার নাম	নীতি/পরিকল্পনার যে অংশের আলোকে এপিএ'র কার্যক্রম গ্রহণ করা হয়েছে	এপিএ'র সংশ্লিষ্ট কার্যক্রম	মন্তব্য
১	টেকসই উন্নয়ন লক্ষমাত্রা (SDG), আঞ্চলিক বাণিজ্য চুক্তি নীতি ২০২২ (RTA Policy-2022) , জাতীয় শুল্কনীতি ২০২৩, অষ্টম পঞ্চবার্ষিক পরিকল্পনা, নির্বাচনী ইশতেহার-২০২৪	SDG উদ্দেশ্য নম্বর- ১,২,৮,৯,১০,১২, অনুচ্ছেদ নম্বর- ১,২,৩,৪,৫,৬, অনুচ্ছেদ নম্বর- ৪.২,৫.১,৫.২,৬.১, অনুচ্ছেদ নম্বর- ১.২, ১.৩, ১.৫, ২.৪, ২.৫, ২.৪, ৩.২, ৪.২, অনুচ্ছেদ নম্বর- ৩.৩ অর্থনীতি	[১.১] আঞ্চলিক বাণিজ্য চুক্তি স্বাক্ষরের লক্ষ্যে সম্ভাব্যতা সমীক্ষা পরিচালনা করা [১.২] দ্বিপাক্ষিক বাণিজ্য সংক্রান্ত সভা আয়োজন/ অংশগ্রহণ (JTC, JTG, JWG etc) [১.৩] দ্বিপাক্ষিক, আঞ্চলিক এবং বহুপাক্ষিক বাণিজ্য সংক্রান্ত নেগোসিয়েশনে অংশগ্রহণ/ আয়োজন (CSLM, TNC, JSG, WG etc) [১.৪] জাতীয় স্বার্থ সংরক্ষণের লক্ষ্যে দ্বিপাক্ষিক, আঞ্চলিক ও বহুপাক্ষিক বাণিজ্য নেগোসিয়েশনে অংশগ্রহণের লক্ষ্যে অবস্থাপনপত্র/ কৌশলপত্র প্রস্তুত [১.৫] দ্বিপাক্ষিক/ আঞ্চলিক বাণিজ্য সহযোগিতা সংক্রান্ত চুক্তি/সমঝোতা স্মারক স্বাক্ষর [১.৬] ট্রেড নেগোশিয়েশন বৃদ্ধির লক্ষ্যে বাণিজ্য মন্ত্রণালয়সহ সংশ্লিষ্ট কর্মকর্তাদের নেগোশিয়েশন সংশ্লিষ্ট প্রশিক্ষণে প্রেরণ /আয়োজন [১.৭] বাংলাদেশের এলডিসি গ্রাজুয়েশনের প্রেক্ষাপটে আঞ্চলিক বাণিজ্য চুক্তি (আরটিএ) চুক্তির অভিঘাত/প্রভাব বিষয়ে সেমিনার আয়োজন [১.৮] বর্ডার হাট পরিচালনা/কার্যকারিতা পরিদর্শনের সুপারিশ বাস্তবায়ন [১.৯] দ্বিপাক্ষিক, আঞ্চলিক ও বহুপাক্ষিক বাণিজ্য সংক্রান্ত নেগোসিয়েশনে অংশগ্রহনের লক্ষ্যে বাংলাদেশের অবস্থান নির্ধারন সংক্রান্ত স্টেক হোল্ডার কনসালটেশন পরিচালনা [১.১৩] বিদেশে ১টি বাণিজ্যিক উইং স্থাপন [৩.১] দ্রব্যমূল্য ও বাজার পরিস্থিতি পর্যালোচনা সংক্রান্ত টাস্কফোর্স এর সভার সিদ্ধান্ত বাস্তবায়ন [৩.৬] আমদানি নিবন্ধন সদনপত্রের আবেদন নিষ্পত্তিকরণ [৩.৭] সিসিএমএস এ প্রাপ্ত অভিযোগ নিষ্পত্তি [৪.২] বাংলাদেশ টি বোর্ড এমপ্লয়িজ ম্যানেজমেন্ট সিস্টেম (TEMS) তৈরি [৪.৩] নিত্যপ্রয়োজনীয় দ্রব্যমূল্য স্থিতিশীল রাখার লক্ষে দেশ/সংস্থার সাথে MOU স্বাক্ষর [৪.৪] কোম্পানি সংক্রান্ত পত্রাদি ডিজিটাল স্বাক্ষর এর মাধ্যমে প্রেরণের সিস্টেম তৈরিকরণ। [৪.৫] রপ্তানিকারকবৃন্দের ডেটাবেজ সফটওয়্যার প্রস্তুত	
২	অষ্টম পঞ্চবার্ষিক পরিকল্পনা	রপ্তানি পণ্য, বাজার,গুণগতমান বহুমখীকরণ	[২.২] বাংলাদেশের অভ্যন্তরে বিভিন্ন দেশীয় মেলা/ আন্তর্জাতিক মেলা আয়োজনের আবেদন নিষ্পত্তি	
৩	৮ম পঞ্চবার্ষিক পরিকল্পনা/এসডিজি/মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি	ব্যবসাবান্ধব পরিবেশ সৃষ্টি, রপ্তানি পণ্য ও বাজার বহুমুখীকরণ, বৈচিত্রময় পণ্যের রপ্তানি বৃদ্ধি, রপ্তানি বাজার সম্প্রসারণ, রপ্তানির নতুন বাজার অন্বেষণ, সেবা খাতে রপ্তানি বৃদ্ধি, কর্মসংস্থান সৃষ্টি, ৪র্থ শিল্প বিপ্লব ও এলডিসি গ্র্যাজুয়েশন পরবর্তী চ্যালেঞ্জ মোকাবেলা, বাণিজ্য রপ্তানিমুখী শিল্পে নারীদের অংশগ্রহণ, রপ্তানির টেকসই উন্নয়ন সাধন।	[১.১১] রপ্তানি বাণিজ্য বৃদ্ধির লক্ষ্যে কমার্শিয়াল কাউন্সেলর/প্রথম সচিব (বাণিজ্যিক) এর সাথে ভার্চুয়াল মতিবনিময় সভা, [২.৪] রপ্তানি বৃদ্ধির লক্ষ্যে বিদেশী বাণিজ্যিক ডেলিগেশনের বাংলাদেশে সফর আয়োজন [২.৫] রপ্তানি বৃদ্ধিতে বিদেশে বাণিজ্যিক ডেলিগেশন প্রেরণ	
৪	এস ডি জি/ ৮ম পঞ্চবার্ষিক পরিকল্পনা	রপ্তানি বাণিজ্যে প্রবৃদ্ধি অর্জন, রপ্তানি বাজারে প্রতিযোগিতা সক্ষমতা বৃদ্ধি, বাজার অভিগম্যতার দ্রুত বিস্তৃতির জন্য মুক্ত বাণিজ্য চুক্তি, নারী উদ্যোক্তাদের সক্ষমতা বৃদ্ধি ও দক্ষতা উন্নয়নে প্রশিক্ষণ এবং এনটিএফসির আওতায় বাণিজ্য সংশ্লিষ্ট স্টাডিজ	[১.১৬] FTA/EPA/RCP করার নিমিত্ত স্টাডিকরণ, [১.১৭] GI পণ্যভিত্তিক ট্রেড বডির সাথে মতবিনিময় সভা আয়োজন [২.৩] জাতীয় লজিস্টিক পলিসি ২০২৪ এর বাণিজ্য মন্ত্রণালয় সম্পর্কিত বিষয়ে কর্মপরিকল্পনা প্রণয়ন, [২.৬] নারী উদ্যোক্তাদের ম্যাচিং গ্রান্ট সাপোর্ট প্রদান, [২.৯] স্বল্পোন্নত দেশ হতে উত্তরণের চ্যালেঞ্জ মোকাবেলায় প্রস্তুতকৃত সময়াবদ্ধ কর্মপরিকল্পনা বাস্তবায়ন বিষয়ে সংশিষ্ট অংশীজনের অংশগ্রহণে কর্মশালা আয়োজন করা, [২.১১] অভ্যন্তরীণ ও আন্তর্জাতিক বাণিজ্য সংশ্লিষ্ট লার্নিং সেশন আয়োজন, [২.১৪] নারী উদ্যোক্তাদের সক্ষমতা বৃদ্ধি, [২.১৫] তৈরি পোশাক শিল্পের কর্মরত শ্রমিক/কর্মচারীদের দক্ষতা উন্নয়নে প্রশিক্ষণ প্রদান, [২.১৬] তৈরি পোশাক খাতে দক্ষতা ও উৎপাদনশীলতা বৃদ্ধির লক্ষ্যে মিড লেভেল ম্যানেজারদের উচ্চতর ও দীর্ঘ মেয়াদি প্রশিক্ষণ প্রদান, [২.১৭] কর বহির্ভূত রাজস্ব আদায়	

ক্রমিক নম্বর	নীতি/পরিকল্পনার নাম	নীতি/পরিকল্পনার যে অংশের আলোকে এপিএ'র কার্যক্রম গ্রহণ করা হয়েছে	এপিএ'র সংশ্লিষ্ট কার্যক্রম	মন্তব্য
৫	মন্ত্রণালয়/বিভাগের নিজস্ব নীতি/পরিকল্পনা	তৈরি পোশাক কারখানার কমপ্লায়েন্স অর্জনে ব্যবস্থা গ্রহণ,তৈরি পোশাক খাতের রপ্তানি সম্প্রসারণে কমপ্লায়েন্স সচেতনতামূলক বিষয়ক কর্মশালা, তৈরি পোশাক শিল্পে কর্মরত শ্রমিক/কর্মচারীদের দক্ষতা উন্নয়নে প্রশিক্ষণ প্রদান, তৈরি পোশাক খাতে দক্ষতা ও উৎপাদনশীলতা বৃদ্ধির লক্ষ্যে মিড লেভেল ম্যানেজারদের উচ্চতর ও দীর্ঘ মেয়াদি প্রশিক্ষণ প্রদান, বাণিজ্য সংগঠন আইন ২০২২ ১৯ (ঘ), বাণিজ্য সংগঠন আইন ২০২২ ১৫ (খ)	[২.১৩] ন্যাশনাল ট্যারিফ পলিসি, ২০২৩ এর বিষয়ে অংশীজনদের অবহিতকরণ সংক্রান্ত কর্মশালা, [২.১২] আরএমজি ব্যতীত অন্যান্য রপ্তানিমুখী শিল্প সম্প্রসারণে সমস্যা ও সম্ভাবনা চিহ্নিতকরণ বিষয়ক কর্মশালা, [১.১০] ডব্লিউটিও এর অনলাইন কোর্সসমূহ সম্পন্নকরণ [১.১৪] ডব্লিউটিও সংক্রান্ত বিভিন্ন ইস্যুতে বাংলাদেশের অবস্থানপত্র প্রস্তুত, [১.১৫] কর্মকর্তাদের সক্ষমতা বৃদ্ধির জন্য ডব্লিউটিও এগ্রিমেন্ট বিষয়ক প্রশিক্ষণ বা কর্মশালার আয়োজন, [২.৭] চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রিজ পরিচালনায় দক্ষতা বৃদ্ধি, [২.৮] বাণিজ্য সংগঠন আইন ২০২২ প্রতিপালনপূর্বক Smart Governance System of Trade Organizations রেসপনসিভ ওয়েভ পোর্টালের ব্যবহারে সংগঠনসমূহের সক্ষমতা অর্জন বিষয়ক প্রশিক্ষণ,	
৬	৮ম পঞ্চবার্ষিক পরিকল্পনা, মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি/নির্দেশনা, এসডিজি, বাংলাদেশ ব-দ্বীপ পরিকল্পনা	খাদ্য সুরক্ষা নিশ্চিতকরণের অংশ হিসেবে সরবরাহ ব্যবস্থা নিরবচ্ছিন্ন রাখা এবং সুষ্ঠু বাজার ব্যবস্থাপনা বজায় রাখা,দ্রব্যমূল্য সহনশীল পর্যায়ে রাখার জন্য বাজারে সরকারের অবস্থান সৃষ্টি করতে হবে, নিত্যপ্রয়োজনীয় পণ্যসামগ্রীর মজুত ও সরবরাহ স্থিতিশীল ও জনগণের ক্রয়ক্ষমতার মধ্যে রাখা, ভোক্তা অধিকার সংরক্ষণ কার্যক্রম দেশব্যাপী বিস্তৃত করা, বাজার মনিটরিং, ভেজাল বিরোধী অভিযান, নিয়মিত মোবাইল কোর্ট পরিচালনা করে জনগণের সচেতনতা বৃদ্ধি করতে হবে, এসডিজি এর ২ (গ) নং গোল এ ক্ষুধা মুক্তি, খাদ্য নিরাপত্তা, পুষ্টির উন্নয়ন ও টেকসই কৃষি উন্নয়নে সুষ্ঠু বাজায় ব্যবস্থাপনা নিশ্চিত করা, খাদ্য মজুদ নিশ্চিত করাসহ খাদ্য মূল্য স্থিতিশীল রাখার বিষয়ে উল্লেখ রয়েছে, খাদ্য নিরাপত্তা নিশ্চিতকরণে বিপণন সরবরাহ চ্যানেলের প্রতিবন্ধকতা চিহ্নিত করা এবং সরবরাহ ব্যবস্থার উন্নয়ন, সুশাসন	[২.১০] আওতাধীন দপ্তর/সংস্থা ও মাঠ পর্যায়ের অফিসের কার্যক্রম পরিবীক্ষণের সুপারিশ বাস্তবায়ন [৩.২] দ্রব্যমূল্য স্থিতিশীল রাখার নিমিত্ত বাজার মনিটরিং, [৩.৩] বাজার মনিটরিং টিমের টিম লিডারদের নিয়ে ওয়ার্কশপ আয়োজন, [৩.৮] The Essential Commodities Control Order , 1981 সংশোধনের লক্ষ্যে খসড়া প্রণয়ন [৪.১] নিম্ন আয়ের এক কোটি পরিবারের নিকট ভর্তুকী মূল্যে নিত্যপ্রয়োজনীয় পণ্য বিক্রয় নিশ্চিতকরণ, [৩.৪] ডিজিটাল কমার্স পলিসি ২০১৮ হালনাগাদকরণ, [৩.৫] ডিবিআইডি সনদ ইস্যু, [২.১] রপ্তানি সংক্রান্ত পরিবীক্ষণ ও মূল্যায়ন কমিটির সভা আয়োজন, [১.১২]জাতীয় রপ্তানি ট্রফি ২০২২-২৩ চূড়ান্তকরণ	

সংযোজনী ৫-৯: সংস্কার ও সুশাসনমূলক কার্যক্রমের বাস্তবায়ন সংক্রান্ত কর্মপরিকল্পনাসমূহ